FEED THE FUTURE
The U.S. Government's Global Hunger & Food Security Initiative



# মাছ চাষ সম্প্রসারণে পোনা বিক্রেতা

ফিড দ্যা ফিউচার বাংলাদেশ অ্যাকোয়াকালচার অ্যান্ড নিউট্রিশন অ্যাক্টিভিটি

USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

WorldFish

CGIAR
RESEARCH PROGRAM ON Fish
Led by WorldFish

- পোনা ধরে একটি পাতলা জালের সাহায্যে ময়লা মুক্ত করতে হবে এবং নির্দিষ্ট ফাঁসের জালের সাহায্যে বিক্রয়যোগ্য পোনা আলাদা করতে হবে
- পোনা ধরার পর হাপার মধ্যে রেখে কমপক্ষে ৪-৫ ঘণ্টা পানির ঝাপটা দিতে হবে। এ সময়ের মধ্যে পোনা মলমূত্র ত্যাগ করে পেট খালি করে ফেলে। ফলে পরিবহন সমস্যা কম হয়

## লক্ষণীয়

দূরবর্তী স্থানে পরিবহনের জন্য শুধু প্রথম দিনে শতাংশে ১৫০ গ্রাম হারে পুকুরে চুন প্রয়োগ করা ভালো।

## পোনা পরিবহন

পোনা মাছ স্বল্প দূরত্বে পরিবহনের সময় পাতিল কিংবা ড্রামে তিনভাগের দুই ভাগ টিউবওয়েলের (নলকূপের) এবং একভাগ পুকুরের পানি মিশিয়ে পোনা পরিবহন করলে ভালো ফল পাওয়া যায়।

### কার্প মাছের চারা বা আঙ্গুলি পোনার পরিবহন ঘনত্ব

| পরিবহন পদ্ধতি | পরিবহন পাত্র | পানির পরিমাণ | পোনার আকার | পরিবহন ঘনত্ব (সংখ্যা) | সময় (ঘণ্টা) |
|---|---|---|---|---|---|
| পাতিল-ওয়ালাদের কাঁধে | ১৬ নং অ্যালুমিনিয়াম পাতিল | ৮-১০ লিটার | ধানী-১" | ১,৫০০-২,৫০০ | ২-৩ |
| | | | ২"-৩" | ৪০০-৫০০ | ৬-৮ |
| | | | ৩"-৪" | ৩০০-৪০০ | ৬-৮ |
| ইঞ্জিন চালিত ভ্যানে | প্লাস্টিকের ড্রাম | ১০০-২০০ লিটার | ধানী-১" | ৩,৫০০-৫,০০০ | ২-৩ |
| | | | ২"-৩" | ২,০০০-৩,০০০ | ৩-৫ |
| | | | ৩"-৪" | ১,৫০০-২,০০০ | ৩-৫ |
| | | | ৪"-৫" | ৮০০-১,২০০ | ৩-৫ |



# মাছ চাষ সম্প্রসারণে পোনা বিক্রেতা

## ক. পোনা পরিবহণে কারিগরি দিকসমূহ

### ভালো পোনা ও দুর্বল পোনা চেনার উপায়

| পর্যবেক্ষণের বিষয় | ভালো পোনা | দুর্বল পোনা |
|---|---|---|
| সাধারণ বৈশিষ্ট্য | চলমান বা চটপটে এবং ত্বক পিচ্ছিল দাগহীন | ফ্যাকাসে সাদা এবং ত্বক খসখসে, অনেক সময় লাল লাল দাগ দেখা যায় |
| লেজ টিপে ধরলে | দ্রুত মাথা নাড়ায় লাফিয়ে উঠে | আস্তে আস্তে মাথা নাড়ায় |
| হঠাৎ পাত্রের গায়ে টোকা দিলে | দ্রুত সাড়া দেয় | কোনো সাড়া দেয় না |
| পাত্রে স্রোত সৃষ্টি করলে | স্রোতের বিপরীতে সাঁতার কাটে | স্রোতের অনুকূলে সাঁতার কাটে অথবা পাত্রের মাঝখানে জড়ো হয় |



### পোনা টেকসই বা পাকাকরণ

- পোনা বিক্রয়ের কমপক্ষে ২-৩ দিন পূর্ব থেকে-
  - প্রতিদিন জাল টেনে পোনাতে পানির ধারা দিয়ে ২০-৩০ মিনিট পর ছেড়ে দিতে হবে
  - প্রতিদিন শতাংশে ২০০-৩০০ গ্রাম হারে খৈল প্রয়োগ করতে হবে
- পোনা বিক্রয়ের ১ দিন পূর্বে এবং বিক্রয়ের দিন পোনার খাবার বন্ধ রাখতে হবে



## লক্ষণীয়

- পরিবহন সময় কম হলে পরিবহনকালে পোনার ঘনত্ব বৃদ্ধি করা যেতে পারে
- প্রচলিত নিয়ম অনুযায়ী টেকসইকৃত ১-২ কেজি পোনা (চারা পোনা) ১০ লিটার পানিতে পরিবহন করা হয়। তবে পোনা বিক্রেতাগণ অনেক সময় সমপরিমাণ পানিতে ৩-৪ কেজি পোনাও পরিবহন করে থাকেন

## পরিবহনকালীন করণীয়

- সব সময় পাকা পোনা পরিবহন করতে হবে
- পরিবহন পাত্র ভেজা কাপড় বা চট দ্বারা ঢেকে রাখতে হবে
- পরিবহনকালে প্রতি ২-৩ ঘণ্টা অন্তর অন্তর পাত্রের ২-৩ ভাগ পানি পরিবর্তন করতে হবে
- হাঁড়িতে পরিবহনের সময় মাঝে মধ্যে হাত দিয়ে পানি ঝাঁকাতে বা আন্দোলিত করতে হবে
- পানি পরিবর্তনের সময় মিশ্রিত পানি এবং পাত্রের পানির তাপমাত্রা সমতায় নিয়ে আসতে হবে
- সমআকারের ও সমপ্রজাতির পোনা একই পাত্রে পরিবহন করতে হবে
- পোনার মৃত্যুহার কমাতে পরিবহনের জন্য সঠিক সময় হিসাব করে পরিবহন করতে হবে এবং
- মাছের পোনার আকার যত বড় হবে পরিবহন ঘনত্ব আনুপাতিক হারে তত কম করতে হবে

## পরিবহনকালে পোনা মৃত্যুর কারণ

- সাধারণত পরিবহন পাত্রে অক্সিজেন ঘাটতি, অ্যামোনিয়া সৃষ্টি ও পানির তাপমাত্রার পরিবর্তন
- পরিবহনকালীন দৈহিক ক্ষত এবং কাঁচা পোনা পরিবহনের কারণে পোনার মৃত্যু ঘটে থাকে

## খ. মাছ চাষ সম্প্রসারণে পোনা বিক্রেতাদের ভূমিকা

পোনা বিক্রেতাগণ মাছ চাষ কার্যক্রম দ্রুত সম্প্রসারণে বিশেষ ভূমিকা রাখতে পারেন। পোনা বিক্রয়ের বিভিন্ন ধাপ ও স্থানান্তরের প্রবাহ চিত্র-




**মাছ চাষ সম্প্রসারণে চাষিদের যেসব বিষয় জানাতে হবে-**

### পোনা মজুদ পূর্ব ব্যবস্থাপনা

- পুকুর সংস্কার, তলার কালো ও পচা কাদা অপসারণ করা
- রাক্ষুসে ও অচাষকৃত মাছ অপসারণ করা
- পুকুর প্রস্তুতকালীন চুন ও সার প্রয়োগ করা এবং
- পানির প্রাকৃতিক খাদ্য পরীক্ষা ও উপযুক্ততা পরীক্ষা করা

### পোনা মজুদকালীন ব্যবস্থাপনা

- প্রজাতি ও মজুদ ঘনত্ব নির্ধারণ এবং
- কার্পজাতীয় মাছের মিশ্র চাষে প্রতি শতাংশে ৮০-১০০টি মলা মাছ মজুদ করলে পারিবারিক পুষ্টি পূরণের পাশাপাশি বাড়তি আয়ও করা যায়

### প্রতি শতাংশে কার্প জাতীয় মাছের মজুদ ঘনত্ব

| প্রজাতি | যে স্তরে বাস করে | আকার (ইঞ্চি) | সংখ্যা/শতাংশ | |
|---|---|---|---|---|
| | | | নমুনা ১ | নমুনা ২ |
| সিলভার কার্প | উপর স্তর | ৪-৫ | ৮-১০ | ১০-১৫ |
| কাতলা | উপর স্তর | ৪-৫ | ৬-৭ | ৬-৮ |
| রুই | মধ্য স্তর | ৪-৫ | ৮-১০ | ১০-১৫ |
| মৃগেল | নিচের স্তর | ৪-৫ | ১০ | ০ |
| কমন কার্প | নিচের স্তর | ৪-৫ | ০ | ৪-৬ |
| গ্রাস কার্প | নিচের স্তর | ৪-৫ | ০ | ১-২ |
| থাই সরপুঁটি | সকল স্তর | ২-৩ | ১৫ | ১৫-২০ |
| মনোসেক্স তেলাপিয়া | সকল স্তর | ২-৩ | ৮ | ০ |
| সর্বমোট পোনা (সংখ্যা/শতাংশ) | | | ৫৫-৬০ | ৪৬-৬৬ |







## পোনা মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

- মজুদ পরবর্তী পুকুরের প্রাকৃতিক খাদ্য বৃদ্ধির জন্য প্রতি সপ্তাহে জৈব ও অজৈব সার প্রয়োগ করতে হবে
- সাধারণত ১০০ কেজি পোনা মাছের জন্য মাছের আকারের উপর ভিত্তি করে ১২ কেজি থেকে ৫ কেজি হারে সম্পূরক খাবার দিতে হবে

## পোনা আহরণ ও বাজারজাতকরণ

- মাছের আকার, চাহিদা ও বাজার মূল্যের ওপর নির্ভর করে সম্পূর্ণ আহরণ ও বাজারজাতকরণের সিদ্ধান্ত নিতে হবে

## পোনা বিক্রেতাদের বিশেষ দায়িত্ব

- মা মাছের উৎস জেনে পোনা সংগ্রহ করতে হবে
- ইনব্রিডিং-এর (ভাইবোনদের মাঝে প্রজনন ঘটানো) ক্ষতিকর দিক সম্পর্কে জ্ঞান থাকতে হবে এবং চাষিদের জানাতে হবে
- ভালো পোনার বৈশিষ্ট্য এবং উৎস সম্পর্কে চাষিদের জানাতে হবে


**বিস্তারিত যোগাযোগ**

**ওয়ার্ল্ডফিশ বাংলাদেশ**

বাড়ি ৩৩৫/এ (পুরাতন), ৪২/এ (নতুন)

সড়ক ১১৪, গুলশান ২, ঢাকা ১২১২

ইমেইল: wfbanaproject@cgiar.org

ওয়েবসাইট: www.worldfishcenter.org



প্রকাশনাটি ইউএসএআইডি'র আর্থিক সহায়তায় প্রস্তুত করা হয়েছে। প্রকাশনার বিষয়বস্তুর দায় লেখক / প্রকাশক / সম্পাদকের। এ জন্য দাতা সংস্থা দায়ী নয়। এটি ইউএসএআইডি বা আমেরিকান সরকারের মতামতের প্রতিফলন নয়।